# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date: 02.04.24 Time: 7.5O P. M.**

বিশেষ বিশেষ খবরঃ–

১/ আসন্ন লোকসভা ভোটে পশ্চিমবঙ্গের সমস্ত বুথে ওয়েব কাস্টিং করার সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন।

# বিশেষ সাধারণ পর্যবেক্ষক আলোক সিনহা রাজ্যে আসছেন আগামীকাল।

২। কলকাতা পুলিশের ডেপুটি কমিশনার সৌম্য রায়কে নির্বাচন কমিশন সরিয়ে দিয়েছে ।

৩/ দার্জিলিং লোকসভা কেন্দ্রে কংগ্রেসের প্রার্থী হয়েছেন, মুনীশ তামাং।

৪/ জলপাইগুড়ি জেলার ঘূর্ণিঝড় বিধ্বস্ত বিস্তীর্ণ এলাকার মানুষ দিন কাটাচ্ছেন চরম অনিশ্চয়তার মধ্যে ।

৫/ কুলটিতে ECL-এর কোলিয়ারিতে ডুলি ছিঁড়ে দুই ঠিকা কর্মীর মৃত্যু হয়েছে।

৬/ গার্ডেনরিচে বহুতল ভাঙ্গার ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে হয়েছে- ১৩ ।

*************************************************************

আসন্ন লোকসভা ভোটে পশ্চিমবঙ্গের সমস্ত বুথে ওয়েব কাস্টিং করার সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন। এজন্য এ আই (AI) বা কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তি ব্যবহার করা হবে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব জানিয়েছেন।

উল্লেখ্য, রাজ্যে এবার ৮০ হাজার ৫৩০ টি ভোট কেন্দ্র রয়েছে। গত বিধানসভা নির্বাচনে ওয়েব কাস্টিং হয়েছিল ৫০ শতাংশের বেশী বুথে ।

এই নির্বাচনে আর্থিক দুর্নীতি ঠেকাতে নজরদারির জন্য আয়কর দপ্তর সহ কেন্দ্রীয় এজেন্সিগুলিকে নিয়ে একটি পোর্টাল তৈরি করা হয়েছে। প্রয়োজনে তার সাহায্য নেওয়া হবে।

***************

লোকসভা নির্বাচনে নজরদারির জন্য পশ্চিমবঙ্গ-সহ ছ'টি রাজ্যে বিশেষ পর্যবেক্ষক ও পুলিশ পর্যবেক্ষক নিয়োগ করলো নির্বাচন কমিশন।
এ ছাড়াও পাঁচটি রাজ্যে আয়-ব্যয় সংক্রান্ত বিশেষ পর্যবেক্ষক নিয়োগ করা হয়েছে। বিজ্ঞপ্তি জারি করে কমিশন আজ এই নিযুক্তির কথা জানিয়েছে। পশ্চিমবঙ্গ ছাড়াও বিশেষ পর্যবেক্ষক এবং পুলিশ পর্যবেক্ষক থাকছেন বিহার, মহারাষ্ট্র, উত্তরপ্রদেশ, অন্ধ্রপ্রদেশ এবং ওড়িশায়।

অন্যদিকে, উত্তরপ্রদেশ, কর্নাটক, ওড়িশা, অন্ধ্রপ্রদেশ ও তামিলনাড়ুতে আয়-ব্যয় সংক্রান্ত বিশেষ পর্যবেক্ষক নিয়োগ করা হয়েছে।

এরাজ্যের জন্য নিযুক্ত বিশেষ সাধারণ পর্যবেক্ষক আলোক সিনহা রাজ্যে আসছেন। বিশেষ পুলিশ পর্যবেক্ষক অনিল কুমার শর্মা আসবেন তারপরই। অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচন সুনিশ্চিত করাই হবে তাঁদের মূল দায়িত্ব।

এদিকে, নির্বাচন কমিশন, কলকাতা পুলিশের দক্ষিণ-পশ্চিম ডিভিশনের ডেপুটি কমিশনার সৌম্য রায়কে সরিয়ে দিয়েছে। ভোটের কোনো কাজে তাঁকে

দায়িত্ব দেওয়া যাবে না। আগামীকাল বেলা ৩টের মধ্যে তিনজন দক্ষ অফিসারের নাম কমিশনকে পাঠাতে হবে।

উল্লেখ্য, গত বিধানসভা নির্বাচনেও সৌম্য রায়কে সরিয়ে দেওয়া হয়েছিল। এনিয়ে ক্ষোভ প্রকাশ করেছেন তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি।

(বাইট- মমতা)

***************

নির্বাচন কমিশনের নির্দেশ মতো রাজ্য সরকার, অপসারিত অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক অমিত রায় চৌধুরীর জায়গায় তিন জন IAS অফিসারের নাম পাঠিয়েছে। এরা হলেন- দিব্যেন্দু দাস, দেবল কুমার ঘোষ এবং একলাখ ইসলাম। অপরদিকে অপসারিত যুগ্ম মুখ্য নির্বাচনী অধিকারিক রাহুল নাথের জায়গায় যুগ্ম সচিব পদমর্যাদার তিন অফিসারের নামও পাঠানো হয়েছে। এরা হলেন দেবাশীষ চট্টোপাধ্যায়, রঞ্জন চক্রবর্তী এবং প্রদীপ আচার্য।

***************

আসন্ন লোকসভা নির্বাচনে ভুল তথ্য ছড়ানো রুখতে 'মিথ ভার্সেস রিয়েলিটি' রেজিস্টার চালু করেছে নির্বাচন কমিশন। এক বিজ্ঞপ্তিতে কমিশন জানিয়েছে, তথ্য যাচাই থেকে শুরু করে নির্বাচন সংক্রান্ত বিভিন্ন বিষয় জানতে এই প্ল্যাটফর্ম সাহায্য করবে।

***************

দার্জিলিং লোকসভা কেন্দ্রে কংগ্রেস প্রার্থী হিসেবে ডক্টর মুনিশ তামাং-এর নাম ঘোষণা করা হয়েছে। জাতীয় গোর্খা পরিসংঘের নেতা শ্রী তামাং গত সপ্তাহেই কংগ্রেসে যোগ দেন। এই কেন্দ্রে বিজেপি প্রার্থী করেছে, বিদায়ী সাংসদ রাজু বিস্তাকে। তৃণমূল কংগ্রেসের হয়ে দাঁড়িয়েছেন গোপাল লামা। অন্যদিকে, স্থানীয় কাউকে প্রার্থী না করার প্রতিবাদে কার্শিয়াং-এর বিজেপি বিধায়ক বিষ্ণু প্রসাদ শর্মা এই কেন্দ্রে নির্দল প্রার্থী হিসেবে লড়ার সিদ্ধান্ত নিয়েছেন।

***************

হুগলী লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী লকেট চট্টোপাধ্যায়ের বিরুদ্ধে দুষ্কৃতীদের প্রশ্রয় দেবার অভিযোগ নিয়ে তৃণমূল কংগ্রেস নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাবকে এই মর্মে তৃণমূল কংগ্রেস বিধায়ক অসিত মজুমদার ই-মেইল করেছেন বলে কমিশন সূত্রের খবর।

অন্যদিকে, নদীয়ার ধুবুলিয়ায় কৃষ্ণনগর কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী মহুয়া মৈত্রের সমর্থনে প্রচারে এসে মুখ্যমন্ত্রী ওই কেন্দ্রের বিজেপি প্রার্থী সম্পর্কে যে মন্তব্য করেছেন, তার বিরুদ্ধে কমিশনের কাছে নালিশ জানাবে বিজেপি। দলের উত্তর সাংগঠনিক জেলা সভাপতি অর্জুন বিশ্বাস জানিয়েছেন, রাজমাতাকে নিয়ে ব্যঙ্গ করা হয়েছে। রাজ পরিবার নিয়ে কটূক্তি করেছেন মুখ্যমন্ত্রী। এর বিরুদ্ধে কমিশনে যাচ্ছেন তাঁরা।

***************

জলপাইগুড়ি জেলার ঘূর্ণিঝড় বিধ্বস্ত বিস্তীর্ণ এলাকার মানুষ চরম অনিশ্চয়তার মধ্যে খোলা আকাশের নীচে দিন কাটাচ্ছেন। আজ সকালে রাজ্য সভার বিজেপি সাংসদ অনন্ত মহারাজ তাদের সঙ্গে দেখা করতে গেলে দুর্গত পরিবারগুলি প্রশাসনের কাছ থেকে ত্রাণ সাহায্য না মেলার অভিযোগ করেন। অনেকেরই দাবী, গতকাল রান্না করা খাবার দেওয়া হলেও, আজ খাবার বা পানীয় জল কিছুই পৌঁছয়নি। আমাদের সাংবাদিকদের কাছে তাঁদের অসহায় অবস্থার কথা তুলে ধরলেন ক্ষতিগ্রস্ত মানুষজন।

(বাইট- ক্ষতিগ্রস্ত মানুষ )

রবিবার বিকেলের কয়েক মিনিটের ওই ঝড়ে শত শত ঘরবাড়ি ধ্বংস হয়ে গেছে। সর্বস্ব হারিয়েছেন বহু মানুষ।

রাজ্যপাল সি ভি আনন্দ বোস, ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শনের পর আজ কলকাতায় ফিরে সাংবাদিকদের জানান, পুনর্বাসনের দিকে সবচেয়ে বেশী

গুরুত্ব দিতে হবে। রাজনৈতিক ভেদাভেদ ভুলে ক্ষতিগ্রস্তদের সাহায্য করার জন্য সবাইকেই এগিয়ে আসার আবেদন জানিয়েছেন তিনি।

(বাইট- রাজ্যপাল )

***************

ঝড় হলেই তৃণমূল কংগ্রেসের পোয়া বারো বলে বর্ধমান দুর্গাপুর লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী দিলীপ ঘোষ মন্তব্য করেছেন। তিনি আজ বর্ধমানের টাউন স্কুল মাঠে প্রাতঃভ্রমণে বেড়িয়ে সাংবাদিকদের বলেন, কথায় কথায় তৃণমূল নেত্রী ক্ষতির ফিরিস্তি দেন। কিন্তু কেন্দ্রের দেওয়া ক্ষতিপূরণের টাকা মানুষের কাছে পৌছ্য না।

(বাইট- দিলীপ)

প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী, রাজ্য বিপর্যন্য ত্রাণ তহবিলের টাকা ক্ষিতিগ্রস্তদের জন্য পাঠানো হচ্ছে না কেন, তা নিয়ে প্রশ্ন তুলেছেন।

(বাইট- অধীর)

***************

পশ্চিম বর্ধমানের কুলটিতে ECL-এর খনিতে ডুলি ছিঁড়ে দুই ঠিকা কর্মীর মৃত্যু হয়েছে। সোদপুর এড়িয়ার চিনাকুরী এক নম্বর কোলিয়ারির ২-নম্বর পিটে খনিতে নামার ডুলি সংস্কারের কাজ চলাকালীন এই দুর্ঘটনা ঘটে। দড়ি ছিঁড়ে আকাশ বাউড়ি ও অনিল কুমার যাদব নামে দুই শ্রমিক নীচে পড়ে যান। দু'জনকেই উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হলে মৃত ঘোষণা করা হয়।

এই ঘটনায় শ্রমিকদের নিরাপত্তা নিয়ে ফের প্রশ্ন উঠেছে। ২০১৩ থেকে বন্ধ আছে কোলিয়ারিটি। বেসরকারি সংস্থাকে দিয়ে সংস্কারের কাজ করানো হচ্ছিল। কোনোরকম সুরক্ষা বিধি না মানার কারণেই এই বিপদ ঘটেছে বলে অভিযোগ করেছেন কুলটির বিজেপি বিধায়ক অজয় পোদ্দার। তিনি জানিয়েছেন, পাঁচজন শ্রমিক কাজ করছিলেন, তাঁদের মধ্যে 'সেফটি বেল্ট' পরা ছিল মাত্র একজনের।

নিহত ঠিকা শ্রমিকদের নিয়ম অনুযায়ী ক্ষতিপূরণ দেওয়া হবে বলে জানিয়েছেন ECL কর্তৃপক্ষ।

***************

গার্ডেনরীচ বহুতল ভাঙ্গার ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে ১৩ হলো। এসএসকেএম হাসপাতালে চিকিৎসাধীন ২৩-এর মৈনুল হকের আজ বেলা সাড়ে ১০ টা নাগাদ মৃত্যু হয়।

***************

গার্ডেনরিচে বেআইনি নির্মাণ ভেঙে পড়ার রেশ কাটতে না কাটতেই মধ্য কলকাতার বউবাজারে পুরোনো একটি বাড়ি ভাঙার কাজ চলাকালীন লাগোয়া বাড়ির একাংশ আজ সকালে ভেঙে পড়লে আতঙ্ক ছড়ায়। আশপাশের আরো কয়েকটি বাড়িতে ফাটল ধরার খবর পাওয়া গেছে। এনিয়ে এলাকার মানুষ ক্ষুব্ধ। স্থানীয় তৃণমূল কংগ্রেস কাউন্সিলার বিশ্বরূপ দে-র সামনেই ক্ষতিগ্রস্ত বাড়ির বাসিন্দারা ক্ষোভ উগড়ে দেন। কাউন্সিলার অবশ্য জানিয়েছেন, বাড়ি তৈরির ক্ষেত্রে কলকাতা পুরসভার হাজার রকম নিয়ম কানুন থাকলেও, ভাঙার ক্ষেত্রে আছে বলে তাঁর জানা নেই।

(বাইট- বিশ্বরূপ )

***************

দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আগামী তিনদিন তাপপ্রবাহের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। পশ্চিমের জেলাগুলিতে দিনের সর্ব্বোচ্চ তাপমাত্রা স্বাভাবিকের চার থেকে ৫ ডিগ্রি উঠতে পারে।

বাকি জেলাগুলিতে আগামী চার-পাঁচ দিন সর্ব্বোচ্চ তাপমাত্রা স্বাভাবিকের দুই থেকে তিন ডিগ্রি উপরে থাকার সম্ভাবনা।

কলকাতায় আজ দিনের সর্ব্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৩৬ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে ২ ডিগ্রি বেশী।

সর্বনিম্ন তাপমাত্রা ছিল স্বাভাবিকের ৩ ডিগ্রি ঊপরে- ২৮ দশমিক এক ডিগ্রি সেলসিয়াস।

***************

কলকাতার ওয়াটগঞ্জ থানা এলাকার সত্য ডাক্তার লেনে মহিলার প্লাস্টিকে মোড়ানো দেহাংশ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। পরিত্যক্ত একটি বাড়ির কাছে প্রথমে কালো প্লাস্টিকগুলি পড়ে থাকতে দেখা যায়। সেখান থেকে পচা গন্ধ পেয়ে পুলিশে খবর দেন স্থানীয় বাসিন্দারা। ঘটনাস্থলে যান ডেপুটি কমিশনার হরিকৃষ্ণ পাই ও লালবাজারের হোমিসাইড শাখা। স্নিফার ডগ নিয়ে তদন্ত শুরু হয়েছে। ময়না তদন্তে পাঠানো হয়েছে দেহাংশগুলিকে। অন্য কোথাও খুন করে, মহিলার টুকরো টুকরো দেহ তিনটি প্লাস্টিক প্যাকেটে ফেলে যাওয়া হয় বলে পুলিশের প্রাথমিক সন্দেহ।

*******************************************************